

## জীবন বৃত্তান্ত

জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী গত ২০/১২/১৯৮৯ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা হিসেবে পাবনা জেলা প্রশাসকের কার্যালয়ে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট পদে চাকরি জীবন শুরু করেন।

তিনি বাংলাদেশ সরকারের একজন সচিব হিসেবে গত ২৮ মে' ২০২০ তারিখ হতে ৩১ আগস্ট' ২০২০ তারিখ পর্যন্ত পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য হিসেবে কর্মরত ছিলেন। চাকরিজীবনে তিনি পরিসংখ্যান বিভাগ, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সুরক্ষা সেবা বিভাগসহ বিভিন্ন সরকারি দপ্তরের গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। এছাড়া, মাঠ পর্যায়ে তিনি সহকারী কমিশনার, উপজেলা নির্বাহী অফিসার, সহকারী ভূমি সংস্কার কমিশনার, জেলা নির্বাচন অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসক পদে দায়িত্ব পালন করেছেন।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগ থেকে বিএসসি (সম্মান) পরীক্ষায় ১ম শ্রেণিতে ৩য় স্থান এবং একই বিভাগ থেকে এমএসসি পরীক্ষায় ১ম শ্রেণিতে ২য় স্থান অর্জন করেন।

চাকরিতে যোগদানের পর তিনি বাংলাদেশ প্রশাসন একাডেমিতে অনুষ্ঠিত ৪২তম আইন ও প্রশাসন প্রশিক্ষণে অংশগ্রহণ করে মেধা তালিকায় ১ম স্থান অর্জন করেন এবং Best Trainee হিসেবে ডিজির এ্যাওয়ার্ড লাভ করেন।

বর্তমানে তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সচিব হিসেবে গত ০১ সেপ্টেম্বর' ২০২০ তারিখ হতে কর্মরত আছেন।

পারিবারিক জীবনে তার স্ত্রী, ০২ পুত্র ও ০১ কন্যা রয়েছে। তিনি নেত্রকোনা শহরের শহিদ বুদ্ধিজীবী কামিনী কুমার চক্রবর্তীর কনিষ্ঠ সন্তান।